

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৩৯: আল্লাহ বলেন, ﴿ وَلَا تَحْسَبَنَّ الَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتًا بَلْ أَحْيَاءٌ عِندَ رَبِّهِمْ يُرْزَقُونَ ﴿ 'আর যারা আল্লাহ্র রাহে নিহত হয়, তাদেরকে তুমি কখনো মৃত মনে করো না। বরং তারা তাদের পালনকর্তার নিকট জীবিত এবং রিযিকপ্রাপ্ত' (আলে ইমরান ১৬৯)। উক্ত আয়াতে বর্ণিত 'আহ্ইয়া' (أَحْيَاءٌ) শব্দের অর্থ কি?

উক্ত আয়াতে 'আহ্ইয়া' বলতে শহীদগণের স্বাচ্ছন্দ্যময় জীবনের কথা বুঝানো হয়েছে। কেননা আল্লাহ্র রাস্তায় শহীদগণের রূহসমূহ জান্নাতে পরম সুখ শান্তি ভোগ করে থাকে। আর সেজন্যই তো বলা হয়েছে,

"তারা তাদের পালনকর্তার নিকট রিযিক্সপ্রাপ্ত" (আলে ইমরান ১৬৯)। তবে মনে রাখতে হবে, তাদের মৃত্যু পরবর্তী বারযাখী জীবন বা কবরের জীবন দুনিয়ার জীবনের মত নয়; উভয় জীবনের মধ্যে কোনো প্রকার তুলনা চলবে না। তাছাড়া বারযাখী জীবনে তারা কারো ডাক শোনে এবং জবাব দেয় মর্মে কোনো প্রমাণই নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1524

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন